

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স - ৪২ ১৬(আগরতলা, ১৮।২)  
কৈলাসহর, ১৮ ফেব্রুয়ারি, ২০১৯

### কৈলাসহরে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের কর্মসূচি

আগামী ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের লক্ষ্যে সম্প্রতি কৈলাসহর পুর পরিষদের সভাগৃহে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পুর পরিষদের চেয়ারপার্সন বুলবুল চক্রবর্তী। সভায় পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন নীতিশ দে, পুর পরিষদের সদস্য-সদস্যবৃন্দ, পুর এলাকার বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধি সহ তথ্য ও সংস্কৃতি দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় সিদ্ধান্ত হয়, ২১ ফেব্রুয়ারি সকালে এলাকার বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীরা র্যালী করে রবীন্দ্র শিশু কাননে সমবেত হবে। সেখানে মুক্তমঞ্চে অনুষ্ঠিত হবে আলোচনাচক্র ও সাংস্কৃতিক অনুষ্ঠান। এই অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন বুলবুল চক্রবর্তী। অনুষ্ঠানে উপস্থিত থাকবেন কৈলাসহর রামকৃষ্ণ মিশন আশ্রমের অধ্যক্ষ ত্যাগীবরানন্দ মহারাজ, পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন নীতিশ দে, জেলা শিক্ষা আধিকারিক শ্যামল দাস, বরিষ্ঠ তথ্য আধিকারিক দিব্যেন্দু শেখর দত্ত প্রমুখ। এরপর দুপুর ১২ টায় স্থানীয় টাউন হলে অনুষ্ঠিত হবে মাতৃভাষা বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা। এছাড়া স্কুলস্তরেও অনুষ্ঠিত হবে রচনা ও বসে আঁকো প্রতিযোগিতা।

\*\*\*\*\*